



भारतीय रिज़र्व बैंक
RESERVE BANK OF INDIA

वेबसाइट : www.rbi.org.in/hindi

Website : www.rbi.org.in

इ-मेल email: helpdoc@rbi.org.in

संचार विभाग, केंद्रीय कार्यालय, एस.बी.एस.मार्ग, मुंबई-400001

DEPARTMENT OF COMMUNICATION, Central Office, S.B.S.Marg, Mumbai-400001

फोन/Phone: 91 22 2266 0502 फैक्स/Fax: 91 22 22660358

তারিখ: 28/03/2016

আর বি আই শ্রী গণেশ সহকারী ব্যাংক লিমিটেড, নাসিক, মহারাষ্ট্র –এর প্রতি জারি করা নির্দেশবিধি
সেপ্টেম্বর 29, 2016 পর্যন্ত প্রলম্বিত করল

ভারতীয় রিজার্ভ ব্যাংক এপ্রিল 01, 2013 তারিখাঙ্কিত নির্দেশবিধির মাধ্যমে বিজ্ঞাপিত করেছিল যে শ্রী গণেশ সহকারী ব্যাংক লিমিটেড, নাসিক –কে ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথা প্রযোজ্য)-এর ধারা 35A অধীনে ছয় মাস কালের জন্য বিশেষ নিয়ন্ত্রণ বিধির আওতায় আনা হয়েছিল। ঐ বিশেষ নিয়ন্ত্রণবিধির বৈধতা যথাক্রমে সেপ্টেম্বর 23, 2013, মার্চ 27, 2014, সেপ্টেম্বর 17, 2014, মার্চ 19, 2015 এবং সেপ্টেম্বর 15, 2015 তারিখাঙ্কিত নির্দেশবিধির মাধ্যমে মোট পাঁচবার, প্রতিক্ষেত্রে ছয় মাস কালের জন্য, প্রলম্বিত করা হয়েছিল। জনসাধারণের জ্ঞাতার্থে এতদ্বারা বিজ্ঞাপিত হচ্ছে যে শ্রী গণেশ সহকারী ব্যাংক লিমিটেড, নাসিক –কে জারি করা এপ্রিল 01, 2013 তারিখাঙ্কিত নির্দেশবিধি যার বৈধতা মার্চ 29, 2016 পর্যন্ত প্রলম্বিত করা হয়েছিল সেই নির্দেশবিধি মার্চ 11, 2016 তারিখাঙ্কিত পরিবর্তিত নির্দেশবিধির বলে আরো ছয় মাস কাল অর্থাৎ মার্চ 30, 2016 থেকে সেপ্টেম্বর 30, 2016 পর্যন্ত, পর্যালোচনার সাপেক্ষে, লাগু থাকবে আলোচ্য নির্দেশবিধির অন্যান্য বিধি ও শর্তাদি অপরিবর্তিত থাকবে মার্চ 11, 2016 তারিখাঙ্কিত নির্দেশবিধির একটি প্রতিলিপি ঐ ব্যাংকটির ভবনে প্রদর্শিত আছে।

ভারতীয় রিজার্ভ ব্যাংকের আনীত এই পরিবর্তন স্বতই এই অর্থ নির্দেশ করছে বলে ভাবা যথাযথ নয় যে ভারতীয় রিজার্ভ ব্যাংক ঐ ব্যাংকটির অস্তিত্বসূচক আর্থিক উন্নতিকে সন্তোষজনক বলে মনে করছে।

অজিত প্রসাদ

প্রেস প্রকাশনী: 2015-2016/2267

সহকারি উপদেষ্টা (অ্যাসিস্টেন্ট অ্যাডভাইসার)